শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

জুলাই/২০২১ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৯/০৭/২০২১, দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট । |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/ সংশোধনী না থাকায় জুন/২০২১ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ)**: জুন/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী কোন ইউনিয়ন হতে পাওয়া যায় নি।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী স্বাক্ষরিত হবার পরবর্তী চৌদ্দ দিনের মধ্যে ইউনিয়ন পরিষদের সকল সিদ্ধান্ত উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি)**: উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নরূপভাবে উপস্থাপন করেন।

প্রস্তাব-২(ক): উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২০-২০২১ ইং অর্থ বছরে এডিপি (থোক বরাদ্দ) এবং রাজস্ব উদ্বৃত্ত থেকে গৃহীত প্রকল্পগুলো পিপিআর এবং উপজেলা পরিষদের ম্যানুয়েল মোতাবেক সন্তোষজনকভাবে বাস্তবায়ন করা হয়েছে। তিনি বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছর (এডিপি) এর প্রকল্প তালিকা জনপ্রতিথিদের নিকট হতে আহবান করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটির সভার মাধ্যমে প্রকল্প বাছাই করার জন্য প্রস্তাব পেশ করেন।

সিদ্ধান্ত-২(ক): সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি স্কীম তালিকা সকল জনপ্রতিনিধিগণ প্রকল্প বাছাই কমিটির আহবায়ক ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট বরাবরে দাখিল করার সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২(খ): উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা প্রশাসনিক ভবনের কমোড ফ্লাশ ০৩টি ও গেজেটেড কোয়ার্টারে পানির লাইন মেরামত বাবদ=১৫,৫০০/-(পনের হাজার পাঁচশত) টাকা খরচ হয়েছে এবং উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের ৩০৭ ও ৩০৮ নং কক্ষের ০২(দুই) টি ফ্যান অকেজো হয়ে যাওয়ায় মেরামত বাবদ ১,৬০০/-(এক হাজার ছয়শত) টাকা খরচ হয়েছে।

সিদ্ধান্ত-২(খ): সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং খরচকৃত (১৫,৫০০+১,৬০০)=১৭,১০০/- (সতের হাজার একশত টাকা) রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ** : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৪। **স্বাস্থ্য বিভাগ** : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ** : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

০৬। **কৃষি বিভাগ** : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা কৃষি কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৮। **মৎস্য বিভাগ** : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

০৯। **শিক্ষা বিভাগ** : উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

১১। **সমাজসেবা বিভাগ:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে : উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট ।

১২। **সমবায় বিভাগ:** উপজেলা সমবায় অফিসার সভাকে জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ** : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যায়নি ।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য ) সভাকে জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ** : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান যে, বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে ।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

১৬। **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : চলমান বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।

১৭। **বিবিধ আলোচনা :**

**(ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২০২২ সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থ বছর শুরু হয়েছে। শীঘ্রই মন্ত্রণালয় হতে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি (থোক) বরাদ্দ পাওয়া যেতে পারে। এখন থেকেই উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা ও উপজেলা পরিষদ ম্যানুয়েল এর আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের প্রক্রিয়া শুরু করা যেতে পারে। এ ধারাবাহিকতায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/প্রশাসক, সংরক্ষিত মহিলা সদস্যগণ ও উপজেলা পরিষদে ন্যাস্ত বিভিন্ন দপ্তরের বিভাগীয় প্রধানগণ আন্ত: ইউনিয়ন প্রকল্পসমূহ এবং বিভাগীয় প্রকল্পসমূহ প্রণয়নপূর্বক উপজেলা পরিষদে পেশ করার জন্য সংশ্লিষ্ট সকলকে বলা যেতে পারে। এ ব্যাপারে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-১৭(ক): সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয় এবং ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট কে অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**১৭(খ) ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত** : উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় বলেন যে, এ উপজেলার সকল ইউনিয়ন পরিষদ হতে মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত ভাবে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়না। যার ফলে ইউনিয়ন পরিষদের চলমান উন্নয়ন কার্যক্রম সম্পর্কে সঠিক তথ্য জানা যাচ্ছে না। বিষয়টি নিয়ে প্রত্যেক সভায় আলোচনা করা হয় এবং চেয়ারম্যানগণকে প্রতিবারই উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক মহোদয়ের নিকট ইউনিয়ন পরিষদের সকল সভার কার্যবিবরণীর অনুলিপি প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয় কিন্তু এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণ/প্রশাসক ও ইউপি সচিবের উদাসীনতা লক্ষ্য করা যায়। এ ব্যাপারে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত-১৭(খ) : ইউনিয়ন পরিষদের মাসিক সভার কার্যবিবরণী নিয়মিত প্রেরণ না করার কারণ ব্যাখ্যা করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণ/প্রশাসক ও ইউপি সচিবকে চিঠি দেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয় এবং ইউনিয়ন পরিষদের সকল সভার কার্যবিবরণীর অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসক মহোদয়ের নিকট প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণ / প্রশাসক কে পুনরায় অনুরোধ জানানো হয় ।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট /ইউপি চেয়ারম্যান (সকল)/ প্রশাসক,দক্ষিণ সুরমা, সিলেট ।

**১৭(গ) উপজেলা পরিষদের গাড়ি মেরামত সংক্রান্ত** : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান যে, জুলাই/২০২১ মাসে উপজেলা পরিষদের জীপ গাড়ি নং-সিলেট-ঘ-১১-০২৪৪ এর মেরামত বাবদ ১৪,২০০/- (চৌদ্দ হাজার দুইশত) টাকা খরচ হয়েছে। উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে পরিশোধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

১৭(গ) সিদ্ধান্ত : উপজেলা পরিষদের জীপ গাড়ি নং-সিলেট-ঘ-১১-০২৪৪ এর মেরামত বাবদ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক ব্যয়কৃত ১৪,২০০/- (চৌদ্দ হাজার দুইশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলের যানবাহন মেরামত খাত হতে ব্যয় নির্বাহের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

**১৭(ঘ) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত:** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ, সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০৪.০০০.০০০০.৭২৪.১৪.০০২.২০.০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত লক্ষমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণ / প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেন।

**১৭(ঘ) সিদ্ধান্ত:** বাংলাদেশ সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যুর নিবন্ধন সংক্রান্ত লক্ষমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণ/প্রশাসক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল), দক্ষিণ সুরমা, সিলেট

**১৭(ঙ) পবিত্র ঈদ উল আযহা উপলক্ষে অস্থায়ী পশুর হাটের অনুমতি সংক্রান্ত:** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, এ উপজেলার কামালবাজারে কোন স্থায়ী পশুর হাট না থাকায় আসন্ন ঈদ উল আজহা ২০২১ উপলক্ষে কামালবাজার সংলগ্ন মাঠে অস্থায়ী পশুর হাট

বসানোর জন্য এলাকাবাসীর আবেদনের প্রেক্ষিতে এলাকার লোকজনের কুরবানির পশু ক্রয় বিক্রয়ে সুবিধার্থে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর স্থানীয় সরকার শাখার ১৪ জুলাই ২০২১ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.৩৬.০০৩.২১.১৭৯ নম্বর স্মারকে শর্ত সাপেক্ষে অস্থায়ী পশুর হাট স্থাপনের অনুমতি প্রদান করা হয়েছে। এ বিষয়ে বিধি মোতাবেক অস্থায়ী পশুর হাট ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে সর্বোচ্চ দর ৫৭,০০০/- টাকা পাওয়ায় দরপত্র মুল্যায়ন কমিটি কর্তৃক কামাল বাজার সংলগ্ন মাঠে অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের সুপারিশ করা হয়েছে।

**১৭(ঙ) সিদ্ধান্ত:** পবিত্র ঈদ উল আযহা ২০২১ উপলক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে জেলা প্রশাসক মহোদয়ের অনুমোদনের আলোকে ও দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক সুপারিশের ভিত্তিতে ৫৭,০০০/- টাকা মূল্যে কামাল বাজার সংলগ্ন মাঠে বিধি মোতাবেক অস্থায়ী পশুর হাট ইজারা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে:** উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট

**সভাপতির সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। সভাপতি মহোদয় উনার অফিস কক্ষে ইন্টেরিয়র ডিজাইন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। তাছাড়া উপজেলা পরিষদের সভাকক্ষ, উপজেলা নির্বাহী অফিসারের অফিসকক্ষসহ উনার (চেয়ারম্যান, উপজেলা পরিষদ) অফিস কক্ষে এসি স্থাপনের জন্যও পুনরায় প্রস্তাব করেন। তিনি সকলকে ঈদের অগ্রিম শুভেচ্ছা জানান এবং কোভিড-১৯ পরিস্থিতিতে সরকারী নির্দেশনা যথাযথভাবে মেনে ঈদ পালনের জন্য অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৭/২০২১

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২১.৬৭৯ তারিখ: ১৯ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ট্যতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ......................................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ..........................................................................................................সিলেট।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। উপজেলা ....................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১২। চেয়ারম্যান/প্রশাসক ..........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৩। জনাব/বেগম.................................. সদস্য............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

১৯/০৭/২০২১
মোঃ আবদুল হক
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
টেলিফোন : ০২৯৯৬৬৪৬৯৯৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। চেয়ারম্যানের প্রতিনিধি, ০২নং বরইকান্দি ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যানের প্রতিনিধি, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভারপ্রাপ্ত চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ৪নং কুচাই ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলে |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা,দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৭। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। উপজেলা সমবায় অফিসারের প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>১১। উপ- সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | ১। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা , দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |

“ দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতি ”

**মাস ঃ জুলাই, ২০২১ সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা তারিখ ঃ ১৯/০৭/২০২১ খ্রিঃ।**

| ক্রঃ নং | উপস্থিত জনপ্রতিনিধি ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০২ | ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | 19.07.2021 |
| ০৩ | মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা,সিলেট। | (A) |
| ০৪ | চেয়ারম্যান, ১ নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৫ | চেয়ারম্যান, ২ নং বরইকান্দি ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৬ | চেয়ারম্যান, ৩ নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৭ | চেয়ারম্যান, ৪ নং কুচাই ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ০৮ | চেয়ারম্যান, ৫ নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | |
| ০৯ | চেয়ারম্যান, ৬ নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১০ | চেয়ারম্যান, ৭ নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১১ | চেয়ারম্যান, ৮ নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১২ | চেয়ারম্যান, ৯ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১৩ | প্রশাসক, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | (A) |
| ১৪ | | |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তা ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় ) | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 19.07.2021 |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | 19.07.2021 |
| ০৩ | উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৫ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৬ | উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ০৭ | উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | 19-07-2021 |
| ০৮ | উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১ | উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | 19.07.2021 |
| ১৩ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | 19.07.21 |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | (A) |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| | | |
| | | |